



স্মারকনং-০৫.৪৪.১৮৫৫.০০০.৯৭.০১২.২১- ১৬৭২(৭)

তারিখ: ২৪ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ  
০৯ নভেম্বর, ২০২৩ খ্রি:স্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত) বিধিমালা ২০১৫ অনুসারে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশ (মহান্নাদার) এর শূণ্য পদ পূরণের লক্ষ্যে প্রদর্শিত ছকে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদন আগামী ৩০-১১-২০২৩ খ্রিঃতারিখের অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

ক্রঃ নং	ইউনিয়ন পরিষদ	গ্রাম পুলিশ (মহান্নাদার) শূণ্য পদ সংখ্যা ও ওয়ার্ড নম্বর	যোগ্যতা	বয়স	শারীরিক যোগ্যতা
০১	মনোহরপুর	০১(এক) জন। ৯ নং ওয়ার্ড।	শিক্ষাগত যোগ্যতা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়ার স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ক) অনূর্ধ্ব ৩০ বৎসর। খ) মুক্তিযোদ্ধা কোঠার ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বৎসর।	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ক) সর্বনিম্ন উচ্চতা-৫ ফুট ২ ইঞ্চি। খ) বুকের মাপ-৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ক) সর্বনিম্ন উচ্চতা-৫ ফুট। খ) বুকের মা-২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

আবেদন ছক

- ১। নামঃ
- ২। পিতা/স্বামীর নামঃ
- ৩। মাতার নামঃ
- ৪। জন্ম তারিখ এবং ০৯-১১-২০২৩ খ্রিঃ তারিখের বয়স (জন্ম সনদ দাখিল করতে হবে)।
- ৫। ভোটার আইডি নম্বরঃ
- ৬। ঠিকানাঃ
- ৭। যে ইউনিয়ন ও ওয়ার্ডে জন্ম আবেদনঃ
- ৮। শারীরিক যোগ্যতার পরিমাপঃ উচ্চতা..... বুকের মাপ..... ওজন.....কেজি।
- ৯। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতাঃ
- শর্তাবলীঃ
  - ১। প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।
  - ২। বর্ণিত যোগ্যতা সম্পন্ন সূত্র বা অবসার প্রাপ্ত মহান্নাদার এর পুত্র, কন্যা বা পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
  - ৩। আবেদনের সাথে জন্ম সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি এবং নাগরিক সনদ, মুক্তিযোদ্ধা সনদ, পোষ্য সনদ ও পার্সপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রশিন ছবি দাখিল করতে হবে।
  - ৪। অসম্পূর্ণ ও কাটাকাটি আবেদন গ্রহণ যোগ্য হবে না।
  - ৫। যে কোন তফসীলি ব্যাংক হতে ৫০০ (পাঁচশত) টাকার প্রে-অর্ডার ( উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর এর নামে) আবেদনের সাথে জমা দিতে হবে।
  - ৬। এ নিয়োগ গ্রহণ/বাভিল সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
  - ৭। সংশ্লিষ্ট ওয়ার্ডে কোন প্রার্থী পাওয়া না গেলে ইউনিয়নের অন্য যে কোন ওয়ার্ড হতে গ্রাম পুলিশ (মহান্নাদার)পদে নিয়োগ দেওয়া হবে।
  - ৮। মুক্তিযোদ্ধা/উপজাতি কোটায় আবেদনকারীগণ সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
  - ৯। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ সরকারি বিধি মোতাবেক বেতন/ভাতা প্রাপ্ত হবেন।  
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরিত হলোঃ
    - ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
    - ২। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
    - ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
    - ৪। উপজেলা.....কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
    - ৫। চেয়ারম্যান মনোহরপুর ইউনিয়ন পরিষদ। এ বিজ্ঞপ্তি তার ইউনিয়নের ও সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্ব পূর্ণ স্থান, ইউনিয়ন ওয়েব পোর্টাল এবং হাট বাজারে সমূহে প্রচার করার জন্য তাকে অনুরোধ করা হলো।
  - ৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জীবননগর। এ বিজ্ঞপ্তি জীবননগর ওয়েব পোর্টাল এর মাধ্যমে প্রচার করবার জন্য তাকে অনুরোধ করা হলো।
  - ৭। অফিসের নোটিশ বোর্ড।

  
০৯/১১/২৩  
হাসিনা মমেন

উপজেলা নির্বাহী অফিসার  
জীবননগর, চুয়াডাঙ্গা।  
ফ্রি ০২৪৭৭৭৮৯৭০১

unojibannagar@mopa.gov.bd